



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ফোন নং: ০২৪৭-৮৬০৫০৭
E-mail : dgmbd@rakub.org.bd
Web : www.rakub.org.bd

প্রধান কার্যালয়, রাজশাহী

পর্যদ সচিবালয়

রাকাব-এর প্রতিশ্রুতি, শস্যের কোঠায় দুর্নীতি।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

সার্কুলার লেটার নং-পস-০১/২০১৮

তারিখ : ২৬ .০৮.২০১৮

বিষয়: প্রশিক্ষণ ইনস্টিটিউটে প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের দৈনিক জনপ্রতি খাওয়া ও হালকা নাস্তা বাবদ বরাদ্দের পরিমাণ বৃদ্ধিকরণ।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের প্রশিক্ষণ ইনস্টিটিউটে প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের দৈনিক জনপ্রতি খাওয়া ও হালকা নাস্তা ব্যয় নির্বাহের বিষয়ে পর্যদ সচিবালয়ের ০৯ নভেম্বর, ২০১১ তারিখের সার্কুলার লেটার নং-পস-০৪/২০১১ এর ৪খ(১) অনুচ্ছেদে নিম্নরূপ উল্লেখ রয়েছে:

“প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ চলাকালীন সময়ে ছুটির দিনসহ দৈনিক জনপ্রতি খাওয়া ও হালকা নাস্তা বাবদ ২৫০/- টাকা খরচ করা যাবে।”

০২। দীর্ঘ সময়ের ব্যবধানে দ্রব্যমূল্যের বৃদ্ধিজনিত কারণে প্রশিক্ষণার্থীদের জন্য পূর্বের বরাদ্দকৃত টাকা দিয়ে খাবারের মান বজায় রাখা কষ্টকর হওয়ায় পরিচালনা পর্যদের ৪৮০তম সভায় (১৭.০৭.২০১৮ তারিখে অনুষ্ঠিত) প্রশিক্ষণার্থীদের দৈনিক খাওয়া ও হালকা নাস্তা বাবদ জনপ্রতি বরাদ্দ বৃদ্ধির বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করা হয়:

“প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ চলাকালীন সময়ে (ছুটির দিনসহ) দৈনিক জনপ্রতি খাওয়া ও হালকা নাস্তা বাবদ ৩৫০/- টাকা খরচের অনুমোদন দেয়া হলো। তবে প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষণার্থীগণকে ডি, এ এবং লাঞ্চভাতা প্রদেয় হবে না।”

০৩। পর্যদ সচিবালয় হতে ০৯ নভেম্বর, ২০১১ তারিখে জারিকৃত সার্কুলার লেটার নং-পস-০৪/২০১১ এ উল্লিখিত অন্যান্য সুযোগ-সুবিধা যথারীতি অপরিবর্তিত থাকবে।

০৪। এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

(মোঃ মোয়াজ্জেম হোসেন)

সচিব (অতিঃ দায়িত্ব)

সূত্র নং-প্রকা/পস-৩(১)/২০১৮-২০১৯/৭৩(৪৫৭)

তারিখ : ২৬ .০৮.২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্যদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী ও রংপুর।
- ০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/সেল ও ইউনিট প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী(সার্কুলার লেটারটি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
- ০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা ও ব্যবস্থাপক (সমব্যা), রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১০। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১১। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
- ১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৪। অফিস নথি/ব্যক্তিগত নথি।

(মোঃ হাসানুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক